## ফরম-৫

[ বিধি ৫(২) দ্রষ্টব্য ]

**মাদকদ্রব্য উৎপাদন ও প্রক্রিয়াজাতকরণ লাইসেন্স।**

মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ১৯৯০ (১৯৯০ সনের ২০নং আইন) এর ধারা ১১ এবং মাদকদ্রব্য নিয়ন্ত্রণ বিধিমালা, ১৯৯৯ এর বিধি ৫ এর বিধান অনুসারে মহাপরিচালক/মহাপরিচালকের নিকট হইতে ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা ---------------------------------------------------------- নিম্নবর্ণিত শর্তাবলী ও বর্ণনা মোতাবেক নিম্নোক্ত ব্যক্তি/প্রতিষ্ঠানকে তাহার/উহার ------------------- তারিখের --------------- আবেদনের প্রেক্ষিতে মাদকদ্রব্য উৎপাদন ও প্রক্রিয়াজাতকরণের জন্য লাইসেন্স প্রদান করিল ঃ

১. লাইসেন্সপ্রাপ্ত ব্যক্তি ও তাহার প্রতিষ্ঠানের নাম ঃ ---------------------------------------------
-----------------------------------------------------------------------------------------

২. প্রতিষ্ঠানের ঠিকানাঃ ---------------------------------------------------------------
অফিসঃ ---------------------------------------------------------------------------
ব্যবসা স্থানঃ ----------------------------------------------------------------------
কারখানাঃ ------------------------------------------------------------------------

৩. ঔষধ প্রশাসন প্রদত্ত ড্রাগ লাইসেন্স নং ঃ -------------------------------------------------

৪. উৎপাদনযোগ্য ও প্রক্রিয়াজাতকরণযোগ্য মাদকদ্রব্যসমূহের বিবরণ ও পরিমাণঃ ----------------
-----------------------------------------------------------------------------------------
-----------------------------------------------------------------------------------------

৫. উপযুক্ত কেমিস্ট/ফার্মাসিস্টের নামঃ -------------------------------------------------------

**শর্তাবলীঃ**

১. এই লাইসেন্স বাবদ প্রতি বৎসর ১৫ জুনের মধ্যে ------------- টাকা লাইসেন্স ফি অগ্রীম পরিশোধ করিতে হইবে।

২. এই লাইসেন্স ১লা জুলাই হইতে ৩০শে জুন বা লাইসেন্সে উল্লিখিত সময়ের জন্য বহাল থাকিবে।

৩. এই লাইসেন্স মহাপরিচালকের অনুমোদন ব্যতীত হস্তান্তর/স্থানান্তর যোগ্য নহে।

৪. এই লাইসেন্সে বর্ণিত স্থান ব্যতীত অন্য কোন স্থানে মাদকদ্রব্য উৎপাদন, মজুত ও বিক্রয় করা যাইবে না।

৫. এই লাইসেন্সে তালিকাভুক্ত মাদকদ্রব্য ব্যতীত অন্য কোন মাদকদ্রব্য উৎপাদন, মজুত ও বিক্রয় করা যাইবে না।

৬. কেবলমাত্র লাইসেন্সে বর্ণিত পরিমাণ মাদকদ্রব্যই উৎপাদন, মজুত ও বিক্রয় করা যাইবে।

৭. মাদকদ্রব্য উৎপাদনকারী অবশ্যই মহাপরিচালকের অনুমোদিত রেসিপি বা ফার্মাকোপিয়া অনুসরণ করিবেন।

৮. দক্ষ কেমিস্ট/ফার্মাসিস্টের প্রত্যক্ষ তত্ত্বাবধান ব্যতীত এই লাইসেন্সের আওতাভূক্ত কোন মাদকদ্রব্য উৎপাদন/বিক্রয় করা যাইবে না ।

৯. উৎপাদিত মাদকদ্রব্যের রাসায়নিক গুণাগুণ, মান ও কার্যকারিতা কোন স্বীকৃত পরীক্ষাগারে পরীক্ষার পরই কেবল মহাপরিচালকের অনুমোদনক্রমে উক্ত মাদকদ্রব্য বাজারজাত ও বিক্রয় করা যাইবে ।

১০. উৎপাদনকালে অবশ্যই মাদকদ্রব্যের মান, গুণাগুণ ও কার্যকারিতা রক্ষা করিতে হইবে ।

১১. উৎপাদিত সকল মাদকদ্রব্যের মোড়ক ও লেবেলের গায়ে উহার উপাদানসমূহের পরিমাণ সম্পর্কে ঘোষণা থাকিতে হইবে ।

১২. উৎপাদিত সকল মাদকদ্রব্যের মোড়কে ও লেবেলের গায়ে "ব্যবস্থাপত্র ব্যতীত ব্যবহার বিপজ্জনক" সতর্কবাণী মুদ্রিত থাকিতে হইবে ।

১৩. এই লাইসেন্সের আওতায় মজুতকৃত সকল মাদকদ্রব্যের চুরি যাওয়া কিংবা বেহাত হওয়ার ব্যাপারে প্রয়োজনীয় নিরাপত্তামুলক ব্যবস্থা গ্রহণ করিতে হইবে ।

১৪. মাদকদ্রব্য নিয়ন্ত্রণ বিধিমালা, ১৯৯৯ এর বিধি ৬ এর উপ-বিধি (৩) এ উল্লিখিত ব্যক্তি বা প্রতিষ্ঠান ব্যতীত অন্য কাহারো নিকট এই লাইসেন্সের আওতাভূক্ত কোন মাদকদ্রব্য বিক্রয় বা হস্তান্তর করা যাইবে না ।

১৫. মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের যে কোন ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তাকে দিনে বা রাত্রে যে কোন সময় এই লাইসেন্স, উহার আওতাভুক্ত প্রেমিজ, স্থাপনা, যন্ত্রপাতি, সাজসরঞ্জাম, উৎপাদিত মাদকদ্রব্য ও উহাদের উপাদান, উপকরণ ইত্যাদির মজুত, রেজিস্টার, হিসাবের খাতাপত্র, রিপোর্ট ইত্যাদি পরীক্ষা-নিরীক্ষা, পরিদর্শন ও যাচাই করার কাজে লাইসেন্সধারী সকল প্রকার সহযোগিতা করিবেন ।

১৬. নির্ধারিত ফরমে নিয়মিতভাবে এই লাইসেন্সের আওতাভূক্ত মাদকদ্রব্য ও উহার উপকরণসমুহের যাবতীয় হিসাব সংরক্ষণ করিতে হইবে ।

১৭. এই লাইসেন্সের কোন শর্ত ভঙ্গ করা হইলে কিংবা ইহার সহিত সংশ্লিষ্ট কোন আইন বা বিধির বিধান লংঘন করা হইলে লাইসেন্স প্রদানকারী কর্তৃপক্ষ উহা বাতিল, প্রত্যাহার বা সাময়িকভাবে স্থগিতকরণসহ অন্য যে কোন আইনানুগ ব্যবস্থা গ্রহণ করিতে পারিবেন । এই জন্য একমাত্র বিভাগীয় আপীল ব্যতীত অন্য কোন ব্যবস্থা গ্রহণ করা কিংবা আদালতের শরণাপন্ন হওয়া যাইবে না ।

**প্রদানকারী কর্তৃপক্ষের**
**স্বাক্ষর ও পদবী**

বিঃ দ্রঃ— এই লাইসেন্স দুই কপিতে প্রদান করা হইবে এবং গ্রহণকালে অফিস কপিতে লাইসেন্সী উহার শর্তাবলী সম্পর্কে অবগত হইয়াছেন মর্মে স্বাক্ষর করিবেন ।

** এই লাইসেন্সের উপরে বামদিকে প্রদানকারী কর্মকর্তার অফিসের সিল মোহর, ইস্যু নম্বর, নথি নম্বর ইত্যাদি না থাকিলে উহা বৈধ বলিয়া গণ্য হইবে না ।